

সেবা সহজীকরণ কার্যক্রম

সহজীকৃত সেবার শিরোনাম:
মামলার রায় অনলাইনে প্রকাশ

পূর্বের অবস্থা

জুডিশিয়াল মামলা

কোন সংবাদপত্র বা সংবাদ সংস্থা সাংবাদিকতা নীতিমালার মান বা জনসাধারণের রুচির বিরুদ্ধে অপরাধ করে অথবা কোন সম্পাদক বা কর্মরত সাংবাদিক পেশাগত অসদাচরণ করে বা সাংবাদিকতা নীতিমালার বিধি লঙ্ঘন করে এরকম অভিযোগের বিরুদ্ধে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ প্রেস কাউন্সিলে জুডিশিয়াল মামলা দায়ের

আপীল মামলা

যুক্তিসংগত কারণ ব্যতিরেকে জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক কোন পত্রিকার ডিক্লারেশন প্রদান না করা হলে কিংবা ডিক্লারেশন বাতিলের বিরুদ্ধে পত্রিকার সম্পাদক কর্তৃক আপীল মামলা দায়ের

বর্তমান অবস্থা

সংবাদপত্র বা সংবাদ সংস্থা বা সম্পাদক বা সাংবাদিকের বিরুদ্ধে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ প্রেস কাউন্সিলে জুডিশিয়াল মামলা দায়ের বা জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক পত্রিকার ডিক্লারেশন প্রদান না করা হলে বা ডিক্লারেশন বাতিলের বিরুদ্ধে পত্রিকার সম্পাদক কর্তৃক আপীল মামলা দায়ের

ফলাফল

প্রেস কাউন্সিলের মামলা সংক্রান্ত সেবা প্রত্যাশীরা বাংলাদেশ প্রেস কাউন্সিলের ওয়েবসাইটে চুকে রায়ের কপি যেকোন জায়গা থেকে সংগ্রহ করতে পারবেন

রায়ের কপি সংগ্রহের জন্য কাউন্সিলের দপ্তরে আসা যাওয়ার জন্য সময় ও খরচের প্রয়োজন হয় না

মামলার ফরিয়াদী ও প্রতিপক্ষের লিখিত জবাব ও প্রতিউত্তর গ্রহণ

মামলার শুনানী গ্রহণ

মামলার রায় প্রকাশ

মামলার রায়ের কপি সংগ্রহ করার জন্য ফরিয়াদী ও প্রতিপক্ষের সশরীরে প্রেস কাউন্সিলের দাপ্তরিক কার্যালয়ে উপস্থিতি

সমস্যাসমূহ

প্রেস কাউন্সিলের মামলা সংক্রান্ত সেবা প্রত্যাশীদের রায়ের কপি সংগ্রহের জন্য ঢাকা ও ঢাকার বাইরে থেকে ঢাকাছ বাংলাদেশ প্রেস কাউন্সিলের একমাত্র দাপ্তরিক কার্যালয়ে সশরীরে আসতে হয়

রায়ের কপি সংগ্রহের জন্য কাউন্সিলের দপ্তরে আসা সময়সাপেক্ষ

রায়ের কপি সংগ্রহের জন্য কাউন্সিলের দপ্তরে আসা যাওয়ার ব্যয় নির্বাহ করতে হয়

মামলার ফরিয়াদী ও প্রতিপক্ষের লিখিত জবাব ও প্রতিউত্তর গ্রহণ

মামলার শুনানী গ্রহণ

মামলার রায় বাংলাদেশ প্রেস কাউন্সিলের ওয়েবসাইট www.presscouncil.gov.bd এ প্রকাশ

মামলার রায়ের কপি ফরিয়াদী ও প্রতিপক্ষ যেকোন জায়গা থেকে সংগ্রহ করতে পারবেন

www.presscouncil.gov.bd এ প্রবেশ

হোম - জাজমেন্ট- মামলা নং

mm

mm



বাংলাদেশ প্রেস কাউন্সিল

৪০, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

www.presscouncil.gov.bd

নং-১৫.৬৩.০০০০.০০২.০৫.০০২.২০-৪২৩

২২ আশ্বিন ১৪২৭

তারিখ: -----

৭ অক্টোবর ২০২০

অফিস আদেশ

বিষয় : বাংলাদেশ প্রেস কাউন্সিলের একটি সেবা সহজীকরণের পাইলটিং বাস্তবায়ন।

প্রেস কাউন্সিল অ্যাক্ট ১৯৭৪ অনুযায়ী কোনো সংবাদপত্রে জনরুচি বা সাংবাদিকতার নীতিমালা পরিপন্থী সংবাদ প্রচারের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সংবাদপত্র বা সম্পাদক বা সাংবাদিকের বিরুদ্ধে প্রেস কাউন্সিলে অভিযোগ দায়ের করতে পারেন। যা শুনানিঅন্তে রায় প্রদানের মাধ্যমে নিষ্পত্তি করা হয়। এছাড়া জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক কোনো সংবাদপত্রের ডিক্লারেশন প্রদানে অস্বীকৃতি বা বিচ্যুতি বা ডিক্লারেশন বাতিলের আদেশের বিরুদ্ধে কোনো সম্পাদক বা প্রকাশক প্রেস কাউন্সিলের চেয়ারম্যানের নেতৃত্বে গঠিত প্রেস অ্যাপিলেট বোর্ডে আপিল দায়ের করতে পারেন। উক্ত আপিল শুনানিঅন্তে রায় প্রদানের মাধ্যমে নিষ্পত্তি করা হয়।

বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদন সূচক নং- ১২.১.১ অনুযায়ী প্রেস কাউন্সিলে দায়েরকৃত অভিযোগ/আপিল এর রায় প্রাপ্তি আরও সহজীকরণ করার লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ প্রেস কাউন্সিলে “মামলার রায় অনলাইনে প্রকাশ” নামে একটি সেবা সহজীকরণের পাইলটিং বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সকল সেবাপ্রত্যাশী যেকোনো জায়গা হতে প্রেস কাউন্সিলের ওয়েবসাইটে নিষ্পত্তিকৃত সকল অভিযোগ/আপিলের রায় দেখতে পারবেন।

অতএব, বর্ণিত সেবা সহজীকরণ পাইলটিং বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

মোঃ শাহ আলম
সচিব(যুগ্মসচিব)

ফোন : ৯৫৮২২৫৭

ইমেইল : secretary@presscouncil.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। কাউন্সিলের সকল সদস্যবৃন্দ।
- ২। সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ প্রেস কাউন্সিল।
- ৩। উচ্চমান সহকারী, বাংলাদেশ প্রেস কাউন্সিল।
- ৪। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ প্রেস কাউন্সিল।
- ৫। পেশকার, বাংলাদেশ প্রেস কাউন্সিল।
- ৬। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ প্রেস কাউন্সিল।
- ৭। দপ্তর কপি।